

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৪২০  
আগরতলা, ১৯ অক্টোবর, ২০২০

**প্রধানমন্ত্রী আবাস যোজনা প্লাস**  
**পুরাতন আগরতলা ব্লকে ১,৮২১টি পরিবারকে পাকা আবাস**

প্রধানমন্ত্রী আবাস যোজনা প্লাস প্রকল্পে চলতি অর্থ বছরে পুরাতন আগরতলা ব্লকে ১,৮২১টি গরীব পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে। এই যোজনায় ব্লকের বর্ধমানঠাকুর পাড়া ভিলেজের ২৩টি, বৃন্দনগর গ্রামপঞ্চায়েতে ১৯৩টি, ধূপছড়া ভিলেজের ৪৪টি, মেঘলিপাড়া পঞ্চায়েতের ১৪৭টি, পশ্চিম চাম্পামুড়া পঞ্চায়েতের ২৪৩টি, পশ্চিম নোয়াবাদি পঞ্চায়েতের ১৯৭টি, পশ্চিম নোয়াগাঁও পঞ্চায়েতের ১০৭টি, পশ্চিম রাধামোহনপুর ভিলেজের ৮৮টি, পূর্ব নোয়াগাঁও পঞ্চায়েতের ১৫৫টি, রাধাকিশোর নগর পঞ্চায়েতের ৩১১টি, রাধামোহনপুর ভিলেজের ৪৮টি, তুলাকোনা পঞ্চায়েতের ৭৫টি ও উত্তর চাম্পামুড়া পঞ্চায়েতের ১৯০টি পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে। প্রতিটি পাকা আবাস নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে ব্যয় হবে। পুরাতন আগরতলা ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*